গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র অধিদপ্তর
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বিটিএমসি ভবন (১০ম তলা) ,৭-৯, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
www.dot.gov.bd

**স্মারক নম্বর:** ২৪.০২.০০০০.০০০.১৮.২৪২.২৩.৩৯০

তারিখ: ৯ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ
২৪ Sep ২০২৩ খ্রিস্টাব্দ

**বিষয়: ইকরাম এক্সপোর্ট লিমিটেড নামক কারখানার অনুকূলে ৮ম শ্রেণীর ১ম এড-হক শিল্প আই আর সি জারীর সুপারিশ প্রসঙ্গে।**

সূত্র: কারখানা কর্তৃপক্ষের ২১/০৯/২০২৩ খ্রিঃ তারিখের আবেদন পত্র।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, ইকরাম এক্সপোর্ট লিমিটেড, অফিসঃ ওসমান টাওয়ার, ৫/১, এস, এম মালেহ রোড, টানবাজার, নারায়ণগঞ্জ সদর, নারায়ণগঞ্জ নামক কারখানাটি স্থানীয় বিনিয়োগে ১০০% রপ্তানিমূখী শিল্প প্রতিষ্ঠান হিসেবে বস্ত্র অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত। যার নিবন্ধন সংখ্যা-আরএমজি/ইএক্সপি ০০০১১৭১-২৩, তারিখ: ০৭/০৯/২০২৩ খ্রিঃ এবং শিল্প উপ-খাত: তৈরী পোশাক (নীট ও ওভেন)। শিল্প প্রতিষ্ঠানটির কর্তৃপক্ষ কাঁচামাল আমদানির লক্ষ্যে তাদের অনুকূলে ৮ম শ্রেণীর ১ম এড-হক শিল্প আই আর সি জারীর সুপারিশ পত্রের জন্য এ অধিদপ্তরে আবেদন জানালে তাদের দাখিলকৃত কাগজ পত্রাদি অত্র অধিদপ্তরে পরীক্ষা-নিরীক্ষার পর এড-হক ভিত্তিতে কাঁচামাল আমদানির লক্ষ্যে তাঁদের অনুকূলে ৮ম শ্রেণীর ১ম এড-হক শিল্প আই আর সি জারীর সুপারিশ পত্র প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। উল্লেখ্য যে, তৈরি পোশাক শিল্প প্রতিষ্ঠানটির কাঁচামাল ও মোড়ক সামগ্রী আমদানির জন্য ষান্মাসিক ও বার্ষিক আমদানি স্বত্ব নির্ধারণ প্রযোজ্য নয় বিধায় ১০০% রপ্তানিমূখী তৈরি পোশাক শিল্প হিসেবে প্রতিষ্ঠানটির কাঁচামাল ও মোড়ক সামগ্রী আমদানির ক্ষেত্রে আমদানি নীতি আদেশ, ২০২১-২০২৪ এর বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে।

২। উপরোক্ত সিদ্ধান্তের আলোকে ইকরাম এক্সপোর্ট লিমিটেড ১০০% রপ্তানিমূখী তৈরি পোশাক শিল্প প্রতিষ্ঠান হওয়ায় এবং শিল্প প্রতিষ্ঠানটিকে ৮ম শ্রেণীর আমদানি কারক হিসেবে নিবন্ধন ফিস ট্রেজারী চালানের মাধ্যমে জমা দেয়া সাপেক্ষে শিল্প প্রতিষ্ঠানটির অনুকূলে ষান্মাসিক ও বার্ষিক আমদানি স্বত্ব নির্ধারণ ব্যতিরেকে ৮ম শ্রেণীর ১ম এড-হক শিল্প আই আর সি প্রদানের জন্য নির্দেশক্রমে সুপারিশ করা হলো। শিল্প প্রতিষ্ঠানটি ১০০% রপ্তানিমূখী বিধায় আমদানিযোগ্য কাঁচামাল সমূহ বন্ডেড ওয়্যার হাউজ পদ্ধতির মাধ্যমে আমদানি করতে হবে।

৩। উল্লেখ্য যে, এ সুপারিশ উক্ত প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কর্তৃপক্ষ-কে আইনগত কোন দায়মুক্তি প্রদান করে না।

২৪-০৯-২০২৩
রাজু আহমেদ
উপপরিচালক (কারিগরি) (অতিরিক্ত দায়িত্ব)

প্রধান নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, জাতীয় ক্রীড়া পরিষদ ভবন (এনএসসি টাওয়ার) ১৬ তলা, ৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০।

**স্মারক নম্বর:** ২৪.০২.০০০০.০০০.১৮.২৪২.২৩.৩৯০/১ (৫)

তারিখ: ৯ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ
২৪ Sep ২০২৩ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রকের দপ্তর, জাতীয় ক্রীড়া পরিষদ ভবন (এনএসসি টাওয়ার) ১৫ তলা, ৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০;
২। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ৩৪২/১, সেগুন বাগিচা, ঢাকা;
৩। ব্যবস্থাপনা পরিচালক, ইকরাম এক্সপোর্ট লিমিটেড, অফিসঃ ওসমান টাওয়ার, ৫/১, এস, এম মালেহ রোড, টানবাজার, নারায়ণগঞ্জ সদর, নারায়ণগঞ্জ;
৪। সহকারি রক্ষণাবেক্ষণ প্রকৌশলী, বস্ত্র অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য) এবং

৫। ওয়ানষ্টপ সার্ভিস, বস্ত্র অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।

২৪-০৯-২০২৩
মৃত্যুঞ্জয় কুমার মহন্ত
সহকারি পরিচালক